

অফিস বিজ্ঞপ্তি

বার বার সতর্ক করা সত্ত্বেও অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শ্রেণিকক্ষের টেবিল, ডেস্ক ও অন্যান্য সামগ্রী কতিপয় শিক্ষার্থী কর্তৃক ইচ্ছাকৃতভাবে ক্ষতিগ্রস্ত করা হচ্ছে। এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড কলেজের শৃঙ্খলা পরিপন্থী। যে সকল সেকশনের টেবিল, ডেস্ক বা অন্যান্য সামগ্রী ক্ষতিগ্রস্ত অবস্থায় পাওয়া যাবে সে সকল সেকশনের শিক্ষার্থীদেরকে এহেন কর্মকাণ্ডে জড়িত শিক্ষার্থীকে চিহ্নিত করতে নির্দেশ দেয়া হলো। অন্যথায় সংশ্লিষ্ট সেকশনের সকলকে এ বাবদ ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

কর্তৃপক্ষ আরও লক্ষ্য করছে যে, কিছু কিছু শ্রেণিকক্ষের কতিপয় শিক্ষার্থী দেয়ালে অরুচিকর আকাঁঝোকা করে রাখছে যা সম্পূর্ণরূপে শৃঙ্খলা পরিপন্থী। শ্রেণিকক্ষের দেয়াল, দরজা বা অন্য কোথাও কোন প্রকার আকাঁঝোকা করা যাবে না। ভবিষ্যতে যে কোন ধরনের শৃঙ্খলা পরিপন্থী কর্মকাণ্ডে জড়িত কাউকে পাওয়া গেলে তার বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ